

স্মারক নং- স্বাঃ অধিঃ/সিবিএইচসি/কঃ ক্লিঃ/সিএইচসিপি/নিয়োগ-০৯/(গ্রেড (১১-২০)/২০১৮/ ২১৬

তারিখঃ ১৬/০২/২০১৮ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য অধিদপ্তরাধীন ৪র্থ এইচপিএনএসপি অন্তর্ভুক্ত কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্লান এর আওতায় অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট-২ অনুবিভাগের পরিপত্র নং- অম/অবি/বাজেট-১১/বিবিধ-৫২/২০০৩/অংশ-২/৩৫, তারিখ: ২৬-০১-২০১০ খ্রিস্টাব্দ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- স্বাঃসেঃবিঃ/সিসপ্র(স্বাস্থ্য-৬)/৪র্থ সেক্টর কর্মসূচি/CBHC/২০১৭-২৪২, তারিখঃ- ১৫/০৫/২০১৭ খ্রিস্টাব্দ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- ৪৫.০০.০০০০.১৭৩.০০২.০১৫.১৭-৩১৭, তারিখঃ ১৯.১২.২০১৭ খ্রিস্টাব্দ মোতাবেক সাকুল্যে (কনসোলিডেটেড-পে) বেতন ভিত্তিক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সিবিএইচসি অপারেশনাল প্লানের (জানুয়ারী ২০১৭ – জুন ২০২২) মেয়াদ কালীন সময় সিএইচসিপি এর শূন্য পদসমূহ পূরণের জন্য নিম্ন বর্ণিত সুবিধা ও শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে (রোঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা ব্যতীত) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

উক্ত পদের বিপরীতে আবেদনের জন্য নূন্যতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য বিবরণ নিম্নে উল্লেখ করা হলঃ

পদের নাম	পদের সংখ্যা	বেতন সাকুল্যে (কনসোলিডেটেড-পে)	বয়স	নিয়োগ পদ্ধতি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি)	১,১৫৬ টি কম-বেশি, (যে সকল ইউনিয়নের পুরাতন ওয়ার্ডে শূন্য পদ আছে)।	বেতন গ্রেড-১৪	১৮-৩০ বছর	সরাসরি	শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। অভিজ্ঞতা: কম্পিউটার পরিচালনায় দক্ষতা সম্পন্ন (এম এস অফিস ও ইন্টারনেট)।

আবেদনের শর্ত ও নিয়মাবলীঃ

১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং শূন্য পদের বিপরীতে ইউনিয়নস্থ সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড অথবা একই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সিটি কর্পোরেশন অথবা পৌর এলাকার বাসিন্দাগণ আবেদন করতে পারবেন না। সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড ও মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। শূন্য পদের তালিকা কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর ওয়েব সাইট www.communityclinic.gov.bd এবং জেলা সিভিল সার্জন অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

২। চাকুরীর মেয়াদ কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্লানের (জানুয়ারী ২০১৭ – জুন ২০২২) মেয়াদ পর্যন্ত বলবৎ থাকবে।

৩। আবেদনকারীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, জাতীয়তা, ইউনিয়নের নাম ও সাবেক ওয়ার্ড নম্বর, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।

৪। আবেদনকারীকে আগামী ১২/০৩/২০১৮ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে “লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি), সিবিএইচসি কার্যালয়, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা- ১২১২” বরাবর অনলাইনে আবেদন করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৫। কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর ওয়েব সাইট www.communityclinic.gov.bd এ প্রবেশ করে Online Application Form এর মাধ্যমে আগামী ১২/০৩/২০১৮ ইং তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে।

৬। Online আবেদনপত্রে প্রার্থীকে তার রজ্জিন ছবি (দৈর্ঘ্য 300 x প্রস্থ 300) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য 300 x প্রস্থ 80) Pixel করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 Kb এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 Kb এর মধ্যে হতে হবে।

৭। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী Application ID সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Application Copy পাবেন। প্রার্থী উক্ত Application Copy ডাউনলোড অথবা প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

৮। প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ প্রতি আবেদনে প্রদেয় (১০০+১৭.৫০ সার্ভিস চার্জসহ) ১১৭.৫০ (একশত সতের টাকা পঞ্চাশ পয়সা) অফেরতযোগ্য বিকাশ (নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী) এর মাধ্যমে আবেদনপত্র Submit করার ৭২ ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯। Application ID এবং Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েব সাইট লিংক থেকে পুনরুদ্ধার করতে পারবেন।

বিকাশের মাধ্যমে টাকা পাঠানো প্রক্রিয়াঃ

১ম ধাপ: ডায়াল*247# ।

২য় ধাপ: অপশন বেছে নিন” Payment ।

৩য় ধাপ: বিকাশ মার্চেন্ট একাউন্ট লিখুন ০১৭৯৫-৫৫১৪৩২।

৪র্থ ধাপ: টাকার পরিমাণ ৩য় শ্রেণী (১১৭.৫০/-) টাকা।

৫ম ধাপ: রেফারেন্স নাম্বার Application ID (SMS) এ প্রাপ্ত Application ID টি প্রদান করুন।